CS (Main) Exam, 2013



# BENGALI

## Paper I

## ( LITERATURE )

| Time allowed : **Three** Hours | Maximum Marks : **250** |
| --- | --- |

---

### Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in two **SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Questions no. **1** and **5** are compulsory and out of the remaining, **THREE** are to be attempted choosing at least **ONE** from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the answer book must be clearly struck off.*

---

## SECTION A

**Q1.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা 150) *10×5=50*

(a) প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন । *10*

(b) আধুনিক বাংলা ভাষার প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন । *10*

(c) বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন । *10*

(d) বাংলায় দ্বিস্বরধ্বনির (diphthongs) সংখ্যাধিক্যের কারণ বিশ্লেষণ করুন । *10*

(e) বাংলা ভাষায় অনার্য প্রভাব কতখানি আলোচনা করুন । *10*

**Q2.** (a) বাংলা শব্দভাণ্ডারে ইংরেজি শব্দের আধিক্যের কারণ পর্যালোচনা করুন । *15*

(b) আদি স্বরাগম, মধ্য স্বরাগম ও অন্ত্য স্বরাগম বলতে কী বোঝেন তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন । *20*

(c) করণ কারকের কটি বিভক্তি আধুনিক বাংলায় ব্যবহৃত হয় তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন । *15*

**Q3.** (a) আধুনিক বাংলায় ব্যবহৃত ক্রিয়াবিভক্তিগুলির পরিচয় দিন । *15*

(b) আধুনিক বাংলায় কী কী প্রকারে প্রযোজক ক্রিয়া সাধিত হয় উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন । *20*

(c) বাংলা চলিত গদ্যরূপের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করুন । *15*

**Q4.** যে-কোনো ***পাঁচটির*** টীকা লিখুন : *10×5=50*

(a) স্বতো নাসিক্যীভবন; *10*

(b) সঙ্কর শব্দ; *10*

(c) ঘোষীভবন; *10*

(d) ধ্বন্যাত্মক শব্দ; *10*

(e) বিমিশ্রণ; *10*

(f) লোকনিরুক্তি । *10*

## SECTION B

**Q5.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা 150) *10×5=50*

(a) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কটি খণ্ডে বিভক্ত ? খণ্ডগুলির নাম লিখুন । 'রাধাবিরহ' অংশটিকে কি আপনি প্রক্ষিপ্ত বলে মনে করেন ? *2+2+6=10*

(b) কবীন্দ্র পরমেশ্বর কোন সময়ের কবি ? তাঁর লেখা কাব্যটির বৈশিষ্ট্য বিশ্লেষণ করুন । *2+8=10*

(c) চণ্ডীদাসকে অনুসরণ করেও বৈষ্ণব পদ রচনায় জ্ঞানদাস কীভাবে নিজ প্রতিভার স্বাক্ষর রেখেছেন আলোচনা করে দেখান । *10*

(d) মনসামঙ্গলের কবি নারায়ণদেবের কৃতিত্ব বিশ্লেষণ করুণ । *10*

(e) বাংলা কাব্যসাহিত্যকে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোন কোন দিক দিয়ে পরিপুষ্ট করেছেন আলোচনা করুন । *10*

**Q6.** (a) বাঙালি কবিদের লেখা রামায়ণে বাঙালি সমাজের যে-ছবি ফুটে উঠেছে তা আলোচনা করুন । *15*

(b) কৃষ্ণদাস কবিরাজ পরিণত বয়সে চৈতন্য চরিতামৃত রচনা করেছেন কেন ? বাংলা সাহিত্যে এই বইটির গুরুত্ব বিশ্লেষণ করুন । *20*

(c) ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি বলে কাকে আপনি মনে করেন ? তাঁর কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন । *15*

**Q7.** (a) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের গদ্যরচনাকে কটি ভাগে ভাগ করা যায় ? বাংলা গদ্যসাহিত্যের ক্রমবিকাশে তাঁর অবদান বিশ্লেষণ করুন । *15*

(b) আধুনিক বাংলা কাব্যসাহিত্যে বিহারীলাল চক্রবর্তী যে নতুন ধারার সূচনা করলেন তার পরিচয় দিন । *20*

(c) রবীন্দ্রনাথের 'চোখের বালি' প্রকাশের সময় থেকে বাংলা কথাসাহিত্যে নতুন একটি যুগের সূচনা হয় – আলোচনা করুন । *15*

**Q8.** (a) বাংলা উপন্যাসের ক্রমবিকাশে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিশ্লেষণ করুন । *15*

(b) বাংলা নাট্যসাহিত্যকে গিরিশচন্দ্র ঘোষ কোন কোন দিক দিয়ে পরিপুষ্ট করেন আলোচনা করুন । *20*

(c) রবীন্দ্রোত্তর বাংলা কাব্যসাহিত্যের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন । জীবনানন্দ দাশের কবিপ্রতিভা সংক্ষেপে বিশ্লেষণ করুন । *15*

# BENGALI

## PAPER—I

## ( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) নব্যভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত দিয়ে আলোচনা করুন।

(b) আদি-মধ্যযুগের বাংলা ভাষার বিশেষ লক্ষণগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন।

(c) কামরূপী উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন।

(d) বাংলা ভাষায় ধ্বনির আগম কী কী ভাবে হয়, দৃষ্টান্তসহ পর্যালোচনা করুন।

(e) বাংলা ভাষায় প্রচলিত ভাষাঋণ সম্পর্কে আলোচনা করুন।

**2.** (a) বাংলা শব্দভাণ্ডারে ইংরেজি ছাড়া অন্য যেসব বিদেশি ভাষার অবদান রয়েছে, তাদের সম্পর্কে পর্যালোচনা করুন। 15

(b) ''বাংলায় কোনো কারকেরই কোনো সুনির্দিষ্ট বিভক্তি নেই।'' এই মন্তব্যের তাৎপর্য দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দিন। 15

(c) বাংলা ভাষায় সাধু ও চলিত গদ্যরীতির পার্থক্য উদাহরণসহ বিশ্লেষণ করুন। 20

**3.** (a) ''বাংলা ভাষার রূপতত্ত্বে লিঙ্গের প্রভাব খুব বেশি নেই।'' পর্যালোচনা করুন। 15

(b) বাংলা ভাষায় সংখ্যাবাচক শব্দ কীভাবে গঠিত হয়, দৃষ্টান্তসহ বুঝিয়ে দিন। 15

(c) সাম্প্রতিক কালে বাংলা বানান-সংস্কার ও বানানের আদর্শায়নে যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, সে সম্পর্কে আপনার প্রতিবেদন প্রস্তুত করুন। 20

**4.** যে কোনো **পাঁচটির** টীকা লিখুন : 10×5=50

(a) উষ্মীভবন

(b) অভিশ্রুতি

(c) অর্ধমাগধী

(d) অন্ত্যস্বরাগম

(e) সমাক্ষরলোপ

(f) সকারীভবন

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* কাশীরাম দাস সম্পূর্ণ 'মহাভারত' লিখে যেতে পারেননি, এই বক্তব্যের সমর্থন কোথায় পাওয়া যায়? ''অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগের আগে হইতে পশ্চিমবঙ্গের বিভিন্ন লেখকের রচনাপ্রবাহ মিলিত হইয়া আসিয়া কাশীরামের নামে মহাভারত-সংহিতায় পরিণত হইয়াছিল।'' এ সম্পর্কে আপনার প্রতিবেদন উপস্থাপন করুন। 2+8=10

*(b)* মনসামঙ্গল কাব্যধারায় কেতকাদাস ক্ষেমানন্দের শ্রেষ্ঠ কবি হিসেবে স্বীকৃতির কারণগুলি বিবৃত করুন। 10

*(c)* আরাকান রাজসভার কবিদের অবদান পর্যালোচনা করুন। 10

*(d)* বৈষ্ণব পদসাহিত্যে গোবিন্দদাসের গুরুত্ব আলোচনা করুন। 10

*(e)* প্রাক্-বঙ্কিমচন্দ্র পর্বে উপন্যাসের আভাস যাঁদের রচনায় ব্যক্ত হয়েছিল, তাঁদের নিয়ে আলোচনা করুন। 10

**6.** *(a)* বাংলা মঙ্গলকাব্যের ধারায় ভারতচন্দ্র শেষ প্রধান কবি; কিন্তু তাঁর রচনায় ফুটে উঠেছে আসন্ন আধুনিক কালের পূর্বাভাস। বিশ্লেষণ করুন। 20

*(b)* বাংলা সাহিত্যে ভাগবত অনুবাদধারার পরিচয় দিন। 15

*(c)* ''ময়নামতী-গোবিন্দচন্দ্রের কাহিনীতে এপিক উপাখ্যানের উদাত্ততা উপলব্ধ হয়।'' এই মন্তব্য সম্পর্কে আপনার অভিমত যুক্তিসহ বিবৃত করুন। 15

**7.** *(a)* নবীনচন্দ্র 'উনিশ শতকের মহাভারত'-এর রচয়িতা। পর্যালোচনা করুন। 15

*(b)* বাংলা গদ্যসাহিত্যে অক্ষয়কুমার দত্তের অবদান বিশ্লেষণ করুন। 15

*(c)* উনিশ শতকে সাধারণ রঙ্গমঞ্চের প্রতিষ্ঠার সঙ্গে বাংলা নাট্যসাহিত্যের শ্রীবৃদ্ধি কীভাবে সম্পৃক্ত, আলোচনা করুন। 20

**8.** *(a)* কবি রবীন্দ্রনাথ উপন্যাস সৃষ্টিতেও আপন কালোত্তর প্রতিভার স্বাক্ষর রেখে গেছেন। এ সম্পর্কে আপনার অভিমত দিন। 15

*(b)* উনিশ শতকে যে নবজাগরণ বাংলা সাহিত্যে সৃষ্টির নতুন নতুন পথ খুলে দিয়েছিল, অচিরেই আত্মবিরোধিতার চাপে তার ভেতরকার দুর্বলতাগুলিও স্পষ্ট হয়ে উঠল। ফলে বিশ শতকের আধুনিকতাও হলো বৃত্তবন্দী। এ সম্পর্কে পর্যালোচনা করুন। 20

*(c)* রবীন্দ্র-পরবর্তী কবিতায় বিষ্ণু দে *বা* সুধীন্দ্রনাথ দত্তের অবদান বিশ্লেষণ করুন। 15

★★★

CS (Main) Exam:2015

C–AVZ–O–CHLA

# BENGALI

## PAPER–I

## (LITERATURE)

*Time Allowed : Three Hours*

*Maximum Marks : 250*

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions :**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in **BENGALI (Bengali Script).**

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

---

## SECTION—A

Q.1. **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দ সংখ্যা 150) :—** **10×5=50**

Q. 1(a) প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। 10

Q. 1(b) আধুনিক বাংলাভাষার প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 10

Q. 1(c) বাংলায় প্রচলিত উপভাষাগুলির নাম লিখুন। রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 3+7=10

Q. 1(d) বাংলা শব্দভাণ্ডারে পোর্তুগীজ শব্দের আধিক্যের কারণ কি ? বাংলায় ব্যবহৃত পাঁচটি পোর্তুগীজ শব্দের নাম লিখুন। 8+2=10

Q. 1(e) বাংলায় দ্বিস্বরধ্বনির (diphthongs) সংখ্যাধিক্যের কারণ বিশ্লেষণ করুন। 10

Q.2. **প্রতিটি প্রশ্নের উত্তর দিন :—**

Q. 2(a) বাংলা চলিত গদ্যরূপের প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করুন। 20

Q. 2(b) বাংলাভাষায় কারক কটি ? অধিকরণ কারকে কি কি বিভক্তি প্রয়োগ করা হয় উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 3+12=15

Q. 2(c) আদি স্বরাগম, মধ্য সরাগম ও অন্ত্য স্বরাগম বলতে কি বোঝেন, তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 15

**Q.3. প্রতিটি প্রশ্নের উত্তর দিন :—**

Q. 3(a) সাম্প্রতিক কালে প্রণিত বাংলা বানান ও বর্ণলিপি চালু করার জন্য যেসব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা পর্যালোচনা করুন। 20

Q. 3(b) আধুনিক বাংলায় ব্যবহৃত ক্রিয়াবিভক্তিগুলির পরিচয় দিন। 15

Q. 3(c) বাংলাভাষায় বিভিন্ন ধরনের সংখ্যাবাচক শব্দের গঠন উদাহরণসহ আলোচনা করুন। 15

**Q.4. সবকটি প্রশ্নের উপর টীকা লিখুন :—** 10×5=50

Q. 4(a) জোড়কলম শব্দ; 10

Q. 4(b) ইন্দো-ইউরোপীয় ভাষা; 10

Q. 4(c) নাসিক্যীভবন; 10

Q. 4(d) বাংলা বানান; 10

Q. 4(e) সাধু বাংলা। 10

## SECTION—B

**Q.5. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দ সংখ্যা 150) :—** 10×5=50

Q. 5(a) বাংলা সাহিত্যের ইতিহাসকে কটি যুগে ভাগ করা হয় ? বাংলা সাহিত্যের সর্বপ্রাচীন নিদর্শনটি কে কবে কোথা থেকে উদ্ধার করেন ? বাংলা সাহিত্যের এই নিদর্শনটিতে তখনকার সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে সংক্ষেপে তার পরিচয় দিন। 1+3+6=10

Q. 5(b) বাংলা সাহিত্যে আধুনিকতা প্রবর্তনে কার ভূমিকা প্রধান বলে মনে করেন ? সেই লেখকের সাহিত্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দিন। 10

Q. 5(c) 'গণনাট্য' কাকে বলে ? 'নবান্ন'কে গণনাট্য বলা যায় কি না আলোচনা করুন। 10

Q. 5(d) বৈষ্ণব পদসাহিত্যে জ্ঞানদাস কিভাবে নিজ প্রতিভার স্বাক্ষর রেখেছেন তা আলোচনা করে দেখান। 10

Q. 5(e) আধুনিক বাংলাসাহিত্য উদ্ভবের কারণ। 10

**Q. 6. প্রতিটি প্রশ্নের উত্তর দিন :—**

Q. 6(a) উনবিংশ শতাব্দীর গীতিকবিতার সংক্ষিপ্ত পরিচয় দিন। 15

Q. 6(b) বাংলায় কে প্রথম চৈতন্যদেবের জীবনী রচনা করেন ? বাংলা সাহিত্যে এই বইটির গুরুত্ব বিচার করুন। 2+13=15

Q. 6(c) বাংলা সাহিত্যের ইতিহাসে আরাকান রাজসভার কবিদের রচিত কাব্যগুলির গুরুত্ব বিশ্লেষণ করুন। 20

Q. 7. প্রতিটি প্রশ্নের উত্তর দিন :—

Q. 7(a) বাংলা গদ্যসাহিত্যের ক্রমবিকাশে উনিশ শতকের সংবাদ-সাময়িকপত্রের গুরুত্ব বুঝিয়ে দিন। 15

Q. 7(b) দীনবন্ধু মিত্র বাংলা নাট্যসাহিত্যকে কিভাবে পরিপুষ্ট করেছেন বলে আপনি মনে করেন ? 15

Q. 7(c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসগুলির বৈশিষ্ট্য আলোচনা করুন। বাংলা কথাসাহিত্যের শ্রেষ্ঠ শিল্পীর সম্মান তাঁকে দেওয়া যায় কি না সে বিষয়ে আপনার মতামত লিখুন। 10+10=20

Q. 8. প্রতিটি প্রশ্নের উত্তর দিন :—

Q. 8(a) প্রাক্ আধুনিক বাংলা সাহিত্যের সঙ্গে আধুনিক বাংলা সাহিত্যের মূল পার্থক্যগুলি কি ? উনিশ শতকের বাংলা সাহিত্যে আধুনিকতা আসার পিছনে কী কী কারণ কাজ করেছিল ? 10+10=20

Q. 8(b) রবীন্দ্রনাথের নাটকগুলিকে কটি ভাগে ভাগ করা যায় ? রূপক অথবা সাংকেতিক নাটক রচনায় তাঁর কৃতিত্বের পরিচয় দিন। 3+12=15

Q. 8(c) উনিশ শতকে লেখালিখির জগতে মেয়েদের আবির্ভাব বিলম্বিত হল কেন ? বাংলা কথাসাহিত্যের ক্রমবিকাশে স্বর্ণকুমারী দেবীর অবদান সংক্ষেপে আলোচনা করুন। 8+7=15

CS (MAIN) Exam:2016

**M–ESC–U–BNG**

# BENGALI

## ( PAPER—I )

**( Literature )**

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

---

# বাংলা

## প্রশ্নপত্র—I

**( সাহিত্য )**

| সময় : ৩ ঘণ্টা | পূর্ণাঙ্ক : ২৫০ |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বসমেত আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বসমেত পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম **(1)** এবং পঞ্চম **(5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন-রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(*a*) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের দশটি শাখার নাম লিখুন। এই প্রসঙ্গে ইন্দো-ইরানীয় শাখার পরিচয় দিন। 5+5=10

(*b*) মধ্যভারতীয় আর্য ভাষার সময়সীমা উল্লেখ করে এই ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখুন। 10

(*c*) ঝাড়খণ্ডী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দিন। 2+8=10

(*d*) বাংলা ভাষায় স্বরাগমের স্বরূপ উদাহরণসহ আলোচনা করুন। 10

(*e*) প্রয়োগ ও ব্যবহারগত দিক থেকে সাধু বাংলা ও চলিত বাংলা ভাষার পার্থক্যগুলি লিখুন। 10

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(*a*) বাংলা শব্দভাণ্ডারে কিছু মৌলিক বা নিজস্ব শব্দ আছে। ঐ শব্দসমূহের শ্রেণীবিভাগ করে উদাহরণসহ বিষয়টি বুঝিয়ে দিন। 15

(*b*) অন্ত্য-মধ্য যুগের বাংলা ভাষার সময়সীমা ও নিদর্শনসমূহের পরিচয় দিয়ে এই পর্বের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি লিখুন। 2+2+11=15

(*c*) বাংলা ভাষায় একই বানানের বহু রূপ (কোনো–কোনও, বাড়ী–বাড়ি, পোষাক–পোশাক) পড়ুয়াদের মনে বিভ্রান্তির সৃষ্টি করে, এর সংস্কার তথা সঠিক রূপ নির্মাণে আপনি কি কি পদক্ষেপ গ্রহণ করবেন? 20

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

(*a*) চর্যাপদের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি বর্ণনা করুন। 15

(*b*) 'দল' (syllable) বলতে কি বোঝায়? উদাহরণ দিয়ে বাংলা একদল শব্দের গঠন আলোচনা করুন। 20

(*c*) বাংলা ভাষার পদগুলির বিভাজন করুন, সেইসঙ্গে ব্যবহার অনুসারে বাংলা বিশেষ্য পদের শ্রেণীবিভাগ করুন। 15

**4.** নিম্নলিখিত প্রতিটির উপর টীকা লিখুন : 10×5=50

(*a*) মৌলিক স্বরধ্বনি (Cardinal vowels) 10

(*b*) যৌগিক কাল ও যৌগিক ক্রিয়া 10

(*c*) সাদৃশ্য 10

(*d*) বাংলা বহুত্ববাচক শব্দ 10

(*e*) বাংলা সরল বাক্যের গঠন 10

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে পৌরাণিক কাহিনীর সঙ্গে লৌকিক কাহিনীর মিশ্রণ কতটা সামঞ্জস্যপূর্ণ হয়েছে? এই প্রসঙ্গে এই কাব্যের ঐতিহাসিক গুরুত্ব লিপিবদ্ধ করুন। 5+5=10

*(b)* বাংলায় নারী-রচিত উপন্যাসের ইতিহাসে আশাপূর্ণা দেবীর ভূমিকার সংক্ষিপ্ত আলোচনা করুন। 10

*(c)* বাংলা ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান লিখুন। 10

*(d)* কৃত্তিবাসী 'রামায়ণ'-এ তৎকালীন বাঙালি সমাজের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দিন। 10

*(e)* ষোড়শ-সপ্তদশ শতককে মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে 'স্বর্ণযুগ' নামে চিহ্নিত করা কতটা সঙ্গত তা বুঝিয়ে দিন। 10

**6.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

*(a)* প্রাক্-আধুনিক বাংলা সাহিত্য আধুনিকতার পথে কিভাবে বিবর্তিত হল তা দুই পর্বের সাহিত্য উপকরণকে সামনে রেখে বুঝিয়ে দিন। 20

*(b)* মধ্যযুগের বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের রচিত আখ্যানকাব্যের অভিনবত্ব আলোচনা করুন। 15

*(c)* 'ছোটগল্প' সৃজন ও প্রসারণে রবীন্দ্রনাথের অবদান লিপিবদ্ধ করুন। 15

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

*(a)* ''ভারতচন্দ্রকে পুরাতন যুগের শেষ এবং আধুনিক যুগের প্রথম কবি বলা হয়।'' ভারতচন্দ্রের কাব্যের বিভিন্ন লক্ষণ বিবৃত করে এই মন্তব্যের যাথার্থ্য বিচার করুন। 20

*(b)* 'পূর্বরাগ' বিষয়ক পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করুন। 15

*(c)* বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান লিখুন। 15

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন : 50

*(a)* বাংলা উপন্যাসের ইতিহাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবদান লিপিবদ্ধ করুন। 20

*(b)* অনেকে জীবনানন্দ দাশকে রবীন্দ্র-পরবর্তী যুগের শ্রেষ্ঠ কবি বলে মনে করেন। এ বিষয়ে আপনার মতামত তথ্য ও যুক্তিসহ উপস্থিত করুন। 15

*(c)* বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যকে সামনে রেখে বুঝিয়ে দিন, তিনিই ছিলেন উনবিংশ শতকের প্রথম আধুনিক গীতিকবি। 15

★★★

CS (MAIN) Exam : 2017

**STH-P-BNG**

# বাংলা / BENGALI

## প্রশ্নপত্র I / Paper I

## ( সাহিত্য ) / ( LITERATURE )

| | |
|---|---|
| *সময় : **3** ঘন্টা* | *পূর্ণমান : **250*** |
| *Time Allowed : **Three** Hours* | *Maximum Marks : **250*** |

---

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিয়ে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।*

*প্রতিটি প্রশ্ন/ প্রশ্নোংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে ।*

*উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।*

*উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন । নাহলে সেটি, অসম্পূর্ণ থাকলেও, পরীক্ষা করা হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠার যে অংশ খালি থাকবে পরিস্কারভাবে কেটে দেবেন ।*

### Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

## SECTION A

**Q1.** **নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর বাংলা ভাষা ও বাংলা অক্ষরে লিখুন (একটি উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা 150)** *10×5=50*

(a) মধ্য ভারতীয় আর্য ভাষার বৈশিষ্ট্যগুলি লিখুন । এগুলির মধ্যে কোন ভাষাটি থেকে বাংলা ভাষা উদ্ভূত হয়েছে ? *10*

(b) মধ্যযুগের বাংলা ভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণ-সহ আলোচনা করুন । *10*

(c) ভাষা আর উপভাষার মধ্যে সম্পর্ক কি ভাবে নিরূপিত হয় ? রাঢ়ী-উপভাষার অঞ্চল ও বৈশিষ্ট্যগুলি লিখুন । *10*

(d) বাংলা সাধু ও চলিত রীতির তুলনামূলক আলোচনা করুন । *10*

(e) বাংলা ভাষায় আরবী-ফার্সি শব্দের বাহুল্যের কারণ কেবলমাত্র ধর্মীয় নয় । প্রশাসন ও বিচার ব্যবস্থাও এজন্য দায়ী । – বলা যায় । *10*

**Q2.** **নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন ।** **50**

(a) বাংলা ভাষায় বচন ও লিঙ্গ সম্পর্কিত ভাবনা ও প্রকাশ সম্পূর্ণ স্বতন্ত্র — আপনার অভিমত দিন । *15*

(b) বাংলা বানান সংশোধনের প্রস্তাব, মান নির্ণয়, ব্যতিক্রম কমানো ইত্যাদি যথেষ্ট সমস্যা — বর্তমানে স্বাধীন রাষ্ট্র বাংলাদেশ হবার পর থেকে সমস্যাটি আরও বেড়েছে । এর সমাধান কিভাবে সম্ভব ? *20*

(c) মুদ্রাযন্ত্র, কম্পিউটার ও আধুনিক সামাজিক দূরসঞ্চার ব্যবস্থা (internet ও modern social networking) – কি বাংলাভাষা বিকাশে সহায়ক না সমস্যা ? — আলোচনা করুন । *15*

**Q3.** **নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর লিখুন ।** **50**

(a) বাংলাভাষায় শ্বাসাঘাত, হলন্ত প্রবণতা, দ্ব্যক্ষর প্রবণতা, স-য-ন উচ্চারণের বৈশিষ্ট্য সম্পর্কে যা জানেন, জানান । *15*

(b) বাংলা ভাষায় বাংলা ও সন্নিহিত অঞ্চলের আদিম জনজাতিদের ভাষায় সম্পর্ক ও প্রভাব সম্পর্কে আলোচনা করুন । *15*

(c) বাংলা ক্রিয়ার শ্রেণী-বিভাগ করুন । কাল-ভাব-পুরুষ-ভেদে বাংলা ক্রিয়াপদের রূপ কিরকম হয় — সবিস্তারে লিখুন । *20*

**Q4.** **নিম্নলিখিত প্রতিটি বিষয়ের উত্তর টীকা লিখুন।** ***10×5=50***

(a) ধ্বন্যাত্মক শব্দ *10*

(b) উপসর্গ *10*

(c) ক্ষতিপূরক দীর্ঘীভবন *10*

(d) অবহট্ট *10*

(e) ব্রজবুলি *10*

## SECTION B

**Q5. নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন । প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা 150** **10×5=50**

(a) তুর্কী-আক্রমণের কালে বাংলা-সাহিত্যের দুশো বছর 'নিশ্চিহ্ন পদক্ষেপ'-এর সময়, বলেছেন কেউ কেউ । আপনার মতামত জানান । *10*

(b) শ্রীচৈতন্য যে – চণ্ডীদাসের পদ আস্বাদন করতেন বলে জানা যায়, তিনি কি 'শ্রীকৃষ্ণকীর্তনে'র রচয়িতা ? আপনার কি ধারণা ও যুক্তি ? — বিশদ করুন । *10*

(c) 'গোরা'-র জন্ম কথা রবীন্দ্রনাথের স্বদেশভাবনার কোন দিকটি পরিস্ফুট করে — আলোচনা করুন । *10*

(d) গিরিশচন্দ্র ঘোষ – ক্ষীরোদ প্রসাদ বিদ্যাবিনোদ যে অর্থে পুরাণকে ব্যবহার করেছেন মন্মথ রায় তা করেননি । মন্মথরায় নতুন কী করেছেন ? — বিচার করুন । *10*

(e) 'ময়মন সিংহ গীতিকা' বাংলা সাহিত্যের দুর্লভ সংযোজন । – বলা যায় ? *10*

**Q6. নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন ।** **50**

(a) ঊনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে যে স্বদেশ-চেতনার প্রকাশ, তা, মধ্যযুগের সাহিত্যে কোথাও ছিল না । — উপযুক্ত উদাহরণসহ বিষয়টি পরিস্ফুট করুন । *20*

(b) বিজয়গুপ্তের 'মনসা মঙ্গল' বাংলার বদ্বীপ-ভূমির কৃষি-সমাজের আকাঙ্ক্ষাপূরণের আখ্যান — বলা যায় কি ? *15*

(c) বাংলা গদ্যের ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকদের স্থান আলোচনা করুন । *15*

**Q7. নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন ।** **50**

(a) 'বঙ্গদর্শন' বাঙালির আত্মদর্শন শুধু নয় বিশ্বদর্শনও বলা যায় । – কেন ? প্রমাণ ও যুক্তি সাজান । *15*

(b) কবিতা শুধু ক্ষয়ের কথা বলে না অক্ষয় শুভ-কল্যাণ মানব মুক্তির কথাও বলে । সুকান্ত ভট্টাচার্য থেকে সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় এই ধারণাটি কি স্পষ্ট করতে পারেন ? *20*

(c) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় 'আরণ্যক' যেখানে শেষ করলেন মহাশ্বেতাদেবী ঠিক যেন সেখানথেকেই তাঁর 'অরণ্যের অধিকার' শুরু করলেন । — মন্তব্যটি সমর্থন করেন কি না লিখুন । *15*



STH-P-BNG

**Q8. নিম্নলিখিত সবকটি প্রশ্নের উত্তর দিন ।** **50**

(a) নবীনচন্দ্রসেন এক ধর্ম এক রাষ্ট্র গঠনের যে শ্রীকৃষ্ণ কেন্দ্রিক মহাকাব্য ধর্মী ত্রয়ী কাব্য লিখলেন, বঙ্কিমচন্দ্রের 'কৃষ্ণচরিত্র' তার সমান্তরাল কিছু নয়, পরিপূরক — বলা যায় ? *20*

(b) মাণিক বন্দ্যোপাধ্যায় শুরু করলেন মনের অন্তর্বাস্তব দিয়ে শেষ করলেন সমাজতান্ত্রিক বাস্তবতায় । এই যাত্রাপথ কি যুক্তিসঙ্গত শৈল্পিক পরিণতি ? — আপনার কি মনে হয় ? *15*

(c) স্বর্ণ কুমারী দেবী – আশালতাসিংহ – প্রিয়ম্বদা দেবীর রচনার পরিচয় দিন । *15*

CS (MAIN) EXAM:2018

**EGT–P–BNG**

# বাংলা

## প্রশ্নপত্র—I

## ( সাহিত্য )

| সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

## PAPER—I

## ( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর বাংলা ভাষায় লিখতে হবে (প্রত্যেক প্রশ্নের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* প্রাচীন বাংলা ভাষার কালগত সীমা নির্দেশ করে, এই যুগের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির সূত্রাকারে পরিচয় দিন। 10

*(b)* মধ্যভারতীয় আর্য (MIA) ও মাগধী প্রাকৃতের ঐতিহাসিক সম্পর্ক নির্ণয় করুন। 10

*(c)* বাংলায় প্রচলিত উপভাষা কয়টি? বঙ্গালী উপভাষা কোন্ অঞ্চলে ব্যবহৃত হয়? এই উপভাষার বৈশিষ্ট্যগুলির উল্লেখ করুন। 10

*(d)* ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের পাঁচটির পরিচয় দিন। এই সম্পর্কে যা জানেন, লিখুন। 10

*(e)* বাংলা অভিধানে পর্তুগীজ, ফারসী ও ইংরাজী শব্দের ব্যাপক অনুপ্রবেশ ঘটেছে কেন? তিনটি ভাষা থেকে কয়েকটি শব্দের উদাহরণ দিন। 10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* প্রয়োগ ও ব্যবহারগত দিক থেকে সাধু বাংলা ও চলিত বাংলা ভাষার পার্থক্যগুলি লিখুন। 20

*(b)* বাংলা ভাষায় কয়টি কারক আছে? প্রতিটি কারকের বিভক্তিগুলির উল্লেখ করুন। বাক্যের সাহায্যে অপাদান কারকের তিনটি উদাহরণ দিন। 15

*(c)* বর্তমানে প্রচলিত অভিধানগুলিতে একই শব্দের ভিন্ন ভিন্ন বানান দেখা যায়। এমন তিনটি শব্দের উদাহরণ দিয়ে এই সমস্যা সমাধানে আপনার মতামত সবিস্তারে ব্যক্ত করুন। 15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* স্বরভক্তি, স্বরাগম, সমীভবন ও স্বরসঙ্গতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন। 20

*(b)* দল বলতে কি বোঝায়? উদাহরণসহ এক এবং বহুদল শব্দে ব্যঞ্জনধ্বনির সংযুক্তির বৈচিত্র্য বর্ণনা করুন। 20

*(c)* বাংলায় প্রচলিত দশটি সংখ্যাবাচক শব্দের সংস্কৃত থেকে বিবর্তনের রূপ দেখান। 10

**4.** নিম্নলিখিত সবগুলির উপর টীকা লিখুন :

(a) জোড়কলম শব্দ ও মুণ্ডমাল শব্দ 10

(b) নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবন 10

(c) মৌলিক স্বরধ্বনি (Cardinal vowels) 10

(d) বাংলা যৌগিক বাক্য গঠনের প্রক্রিয়া ও উদাহরণ 10

(e) পরিপূরক অবস্থান ও মুক্তবৈচিত্র্য 10

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক প্রশ্নের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) কৃত্তিবাসের অনুবাদ কর্মে মূলানুগত্য ও মৌলিকতার পরিচয় দিন। 10

(b) চর্যাগীতি গূঢ় সাধনতত্ত্বের গান হলেও সেখানে নিম্নবর্গীয় জনজীবনের কথা পাওয়া যায়। উদ্ধৃতিসহ বক্তব্যের যাথার্থ্য বিচার করুন। 10

(c) 'মনসামঙ্গল' কাব্যের প্রধান চরিত্র চাঁদ সওদাগরের প্রতিবাদী ভূমিকা মধ্যযুগের বাংলা সাহিত্যে দুর্লভ বলে মনে করেন কিনা, বুঝিয়ে দিন। 10

(d) ''অভিসারের পদে গোবিন্দদাস রাজাধিরাজ''—গোবিন্দদাস সম্পর্কে সমালোচকের এই দাবির যৌক্তিকতা বিচার করুন। 10

(e) গণনাট্য সংঘের উদ্দেশ্য বিবৃত করে বিজন ভট্টাচার্যের সংক্ষিপ্ত পরিচয় দিন। 10

**6.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা গদ্যচর্চায় উনিশ শতকের সাময়িকপত্রগুলির অবদান কতটা গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন তা বুঝিয়ে দিন। 15

(b) বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে দুজন বিখ্যাত কবির কৃতিত্ব বর্ণনা করুন। 20

(c) সবুজপত্র-পর্বে রচিত রবীন্দ্রগল্পে রাজনীতির আমদানি গল্পের শিল্পোৎকর্ষ ব্যাহত করেছে বলে অনেকের অনুমান। অন্তত দুটি গল্প অবলম্বনে এ বিষয়ে আপনার অভিমত ব্যক্ত করুন। 15

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) "মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম যুগের উপন্যাসে বিশেষ কোনো মতবাদের প্রাধান্য নেই, আছে নরনারীর আত্মপ্রকাশের বিস্ময়কর উপস্থাপনা।" উদাহরণসহ মন্তব্যটি সমর্থন বা খণ্ডন করুন। 15

(b) বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলি কি একালেও প্রাসঙ্গিক? উপযুক্ত উদাহরণসহ আপনার মতামত ব্যক্ত করুন। 15

(c) "তিরিশের দশকের বাংলা কবিতা রবীন্দ্রনাথের ভাব ও রীতির বিরোধিতা করেও রবীন্দ্র-প্রভাব অতিক্রম করতে পারেনি।" আপনি কি এ মত সমর্থন করেন? যুক্তিসহ আপনার অভিমত ব্যক্ত করুন। 20

8. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারায় প্রমথ চৌধুরী এবং স্বামী বিবেকানন্দের সাফল্য সংক্ষেপে বিচার করুন। 20

(b) উনিশ শতকের নবজাগরণে বিদ্যাসাগর কি কি ভূমিকা পালন করেছিলেন? রবীন্দ্রনাথ কেন তাঁকে বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পীর আখ্যা দিয়েছিলেন, সবিস্তারে আলোচনা করুন। 15

(c) সমকালীন অন্যান্য নারী ঔপন্যাসিকদের সঙ্গে তুলনা করে আশাপূর্ণা দেবীর স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য স্পষ্ট করুন। 15

★ ★ ★

# বাংলা

## প্রশ্নপত্র—I

## ( সাহিত্য )

সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট আটটি (৪) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

## PAPER—I

## ( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, any THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের দশটি শাখার নাম উল্লেখ করুন। ইন্দো-ইরানীয় শাখার বিশেষত্বগুলির পরিচয় দিন। 5+5=10

(b) মধ্যযুগের বাংলা ভাষার কালগত সীমা নির্দেশ করে সংক্ষেপে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করুন। 10

(c) বাংলা উপভাষার সংখ্যা কয়টি? কামরূপী উপভাষার অঞ্চল এবং তার ঔপভাষিক বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে উল্লেখ করুন। 1+2+7=10

(d) পাঁচটি অস্ট্রিক শব্দ নির্বাচন করে বাংলা ভাষায় অস্ট্রিক শব্দাবলী কীভাবে মিশ্রিত হয়েছে, দেখান। 10

(e) সাধু ও চলিত বাংলা বলতে কী বোঝানো হয়? চলিত বাংলাকে কি কথ্য বাংলার লিখিত রূপ বলে গ্রহণ করা যায়? 5+5=10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) ধ্বনির লোপ, অন্ত্যস্বরাগম, য়-শ্রুতি বাংলায় কীভাবে ঘটে তা উদাহরণসহ আলোচনা করুন। 20

(b) বাংলা বানান সমস্যার কারণ ও সমাধান সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন। 15

(c) বাংলায় লিপ্যন্তর (transliteration) এবং রোমানীকরণ (Romanization) সংক্রান্ত সমস্যাগুলি উল্লেখ করে কোনো সম্ভাব্য সমাধান অবলম্বন করা যায় কিনা তা বিচার করুন। 15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) উদাহরণসহ বাংলা ধ্বনি-পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন। 15

(b) বাংলা শব্দগঠনের প্রকৃতি ও প্রকারভেদ সংক্ষেপে ব্যাখ্যা করুন। 20

(c) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে তার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যের পরিচয় দিন। 15

**4.** নিম্নলিখিত সবগুলির উপর টীকা লিখুন :

*(a)* বাংলা জটিল বাক্য গঠনের নিয়মাবলী ও পদ্ধতি 10

*(b)* আধুনিক বাংলা স্বরধ্বনি 10

*(c)* মহাপ্রাণ ও অল্পপ্রাণ ধ্বনি 10

*(d)* রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্য 10

*(e)* অবহট্‌ঠ 10

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

*(a)* বাংলা সাহিত্যের প্রচীন ও মধ্যযুগের পর্বভেদ ও সময়সীমা নির্ণয় করুন।

*(b)* প্রাগাধুনিক ও আধুনিক বাংলা সাহিত্যের তফাতগুলি বিবৃত করুন।

*(c)* রামায়ণ-মহাভারতের তুলনায় বাংলায় ভাগবত-এর অনুবাদ ভীষণভাবে কম—কারণ ব্যাখ্যা করুন।

*(d)* চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর বৈশিষ্ট্য নির্ণয় করুন।

*(e)* ভারতচন্দ্রের কাব্যে আধুনিকতার লক্ষণ নির্ণয় করুন।

**6.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* রবীন্দ্র-নাটকে আইডিয়া বা ভাবনারই প্রাধান্য—এই মত সমর্থন করা যায় কি? যুক্তিসহ লিখুন। 15

*(b)* রবীন্দ্রনাথ ও রবীন্দ্রোত্তর আধুনিক কবিতার মাঝখানে যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবিতাচর্চার পরিচয় দিন। 20

*(c)* বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়ম কলেজের অবদান বিচার করুন। 15

**7.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* মধ্যযুগীয় বাংলা সাহিত্যে ধর্ম-নিরপেক্ষতার অনুসন্ধান করুন। 15

*(b)* উনিশ শতকের বাংলা গীতিকবিতার উৎস ও বিবর্তনের সংক্ষিপ্ত পরিচয় দিন। 15

*(c)* গ্রামীণ কৃষি সভ্যতা ও আধুনিক শিল্পের দ্বন্দ্বের চিত্র তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বহু উপন্যাসের উপজীব্য। মন্তব্যটির সমর্থন বা বিরোধিতা করে আপনার মতামত লিখুন। 20

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* রবীন্দ্র-অনুসারী কবিগোষ্ঠীর তিনজন কবির কৃতিত্ব নির্ণয় করুন। 15

*(b)* মহাশ্বেতা দেবীর রচনায় নারীর প্রতিবাদী সত্তার পরিচয় দিন। 20

*(c)* বাংলা নাট্যমঞ্চ ও নাট্যসাহিত্যে 'জাতীয় রঙ্গালয়'-এর গুরুত্ব আলোচনা করুন। 15

★ ★ ★

# বাংলা

## প্রশ্নপত্র—I

( সাহিত্য )

সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

### প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি বিভাগে সর্বমোট আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট তিনটি (3) প্রশ্নের উত্তর করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

## PAPER—I

( LITERATURE )

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

### QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, any THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

1. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) প্রাচীন ভারতীয় আর্যভাষার কালপর্ব ও নিদর্শনসমূহের পরিচয় দিয়ে এই পর্বের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখুন।

(b) উপভাষা বলতে কী বোঝেন? বঙ্গালী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিখুন।

(c) বাংলা ভাষার শব্দভাণ্ডার কোন্ কোন্ ভাষার শব্দ সহযোগে গড়ে উঠেছে? এই শব্দভাণ্ডারে বিদেশী শব্দের প্রভাব সম্পর্কে আলোচনা করুন।

(d) সাধু বাংলায় যাঁরা সাহিত্য রচনা করেছেন তাঁদের কয়েকজনের নাম লিখুন। এই প্রসঙ্গে বাংলা সাধু ভাষার বৈশিষ্ট্যগুলির পরিচয় দিন।

(e) প্রাচীন বাংলা ভাষার কালপর্ব ও নিদর্শনসমূহের পরিচয় দিয়ে এই পর্বের ছন্দোগত বৈশিষ্ট্যের স্বরূপ আলোচনা করুন।

2. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা বানানের আদর্শ কোনো রূপ নেই কেন? আদর্শ রূপ গড়ে তুলতে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে আপনি মনে করেন? আলোচনা করে বুঝিয়ে দিন। 20

(b) বাংলা ভাষার একটি অনুচ্ছেদকে কীভাবে রোমানীকরণ (Romanization) করা যায় তা উদাহরণ সহযোগে আলোচনা করুন। 15

(c) কোনো ভাষা বা উপভাষাকে আদর্শীকরণের সমস্যাগুলি কী কী? উদাহরণ সহযোগে বুঝিয়ে দিন। 15

3. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) মধ্য বাংলা ভাষাকে দুটি পর্বে ভাগ করার কারণগুলি লিখুন। এই প্রসঙ্গে অন্ত্য-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। 15

(b) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে বাংলা ভাষা উদ্ভবের কাহিনী রেখাচিত্রসহ বুঝিয়ে দিন। সংস্কৃত ভাষা বাংলা ভাষার জননী কিনা লিপিবদ্ধ করুন। 20

(c) আধুনিক বাংলা ভাষার কালপর্ব ও নিদর্শনসমূহের পরিচয় দিয়ে ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লিখুন। 15

4. নিম্নলিখিত সবগুলির উপরে টীকা লিখুন : 10×5=50

(a) বাংলা সরল বাক্য গঠনের প্রক্রিয়া ও পদ্ধতি

(b) মূর্ধন্যীভবন ও স্বতোনাসিক্যীভবন

(c) আধুনিক বাংলা ভাষার শব্দগঠন

(d) অপিনিহিতি ও অভিশ্রুতি

(e) বরেন্দ্রী উপভাষা

## SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা 150) : 10×5=50

(a) তুর্কি আক্রমণের দেড়শো বছর পর থেকে বাংলা সাহিত্যের মধ্যযুগের সূচনা ধরা হয় কেন তা ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।

(b) মঙ্গলকাব্যের স্বরূপ বিচার করে এর বৈশিষ্ট্যাবলী আলোচনা করুন।

(c) বাংলা ভাষায় মহাভারত অনুবাদে কাশীরাম দাসের কবি-প্রতিভার পরিচয় দিন।

(d) বাংলা সাহিত্যে স্বর্ণকুমারী দেবীর অবদান বিশ্লেষণ করুন।

(e) কৃত্তিবাসী রামায়ণের মৌলিকতা ও জনপ্রিয়তার কারণগুলি লিখুন।

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—বিশ্লেষণ করুন। 20

(b) বাংলা নাটকে মধুসূদন দত্তের অবদান বুঝিয়ে দিন। 15

(c) বাংলা ছোটগল্পে রবীন্দ্রনাথের অবদান লিপিবদ্ধ করুন। 15

7. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) "উনিশ শতকের বাংলা কবিতা ছিল আখ্যানমূলক ও গীতিধর্মী।" এই ভাবনার সপক্ষে মতামত দিন। 15

(b) বাংলা সাহিত্যে আধুনিকতার উত্থান হয়েছিল যে যে কারণে তার স্বরূপ আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দিন। 15

(c) ধর্ম-নিরপেক্ষতা বলতে কী বোঝেন? মধ্যযুগের বাংলা সাহিত্যের সঙ্গে আধুনিক যুগের বাংলা সাহিত্যের 'ধর্ম-নিরপেক্ষতা'-র একটা তুলনামূলক আলোচনা করুন। 20

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* বিংশ শতকের দ্বিতীয় দশকে অনেক কবি রবীন্দ্রনাথের আদর্শ গ্রহণ করেছিলেন, অনেকে আবার বিরোধিতাও করেছিলেন—বিশ্লেষণ করুন। 15

*(b)* বাংলা উপন্যাসে বঙ্কিমচন্দ্রের অবদান বুঝিয়ে দিন। 20

*(c)* প্রাগাধুনিক বাংলা সাহিত্যের সঙ্গে আধুনিক বাংলা সাহিত্যের পার্থক্যগুলি চিহ্নিত করে বিশ্লেষণ করুন প্রাগাধুনিক বাংলা সাহিত্য আধুনিক হতে কোন্ কোন্ সমস্যার সম্মুখীন হয়েছিল? 15

★★★

**HXS–U–BNG**

# বাংলা

**প্রশ্নপত্র—I**

( সাহিত্য )

| সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে সেটি স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

PAPER—I

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের শাখাগুলির নাম লিখুন। এই প্রসঙ্গে ইন্দো-ইরানীয় শাখাটির পরিচয় দিন। 5+5=10

(b) বাংলায় ব্যবহৃত স্ত্রী-প্রত্যয়গুলির পরিচয় দিন। 10

(c) রাঢ়ী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে ব্যবহৃত হয়? এই উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। 2+8=10

(d) স্বরাগম বলতে কী বোঝায়? বাংলায় কতভাবে স্বরাগম হয় তা উদাহরণসহ আলোচনা করুন। 2+8=10

(e) বাংলা শব্দভাণ্ডারকে কয়টি ভাগে ভাগ করা যায়? মৌলিক শব্দ বলতে কী বোঝায়, উদাহরণসহ আলোচনা করুন। 2+8=10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) সাধু গদ্যরীতি কাকে বলে তা উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন। চলিত গদ্যের সঙ্গে প্রতিযোগিতায় সাধু গদ্যকে কেন পিছু হটতে হল সে বিষয়ে আপনার অভিমত জানান। 10+10=20

(b) কারকের সঙ্গে বিভক্তির সম্পর্ক নির্ণয় করুন। উদাহরণসহ প্রতিটি কারকের বিভক্তির উল্লেখ করুন। 5+10=15

(c) রোমীয় বর্ণমালা (Roman Alphabet) কাকে বলে? বাংলা ভাষা রোমীয় বর্ণমালায় লেখা আপনি সমর্থন করেন কিনা, যুক্তিসহ আলোচনা করুন। 5+10=15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) আদি-মধ্য বাংলা ভাষার কালগত সীমা নির্দেশ করুন। এই ভাষার সাহিত্যিক নিদর্শন কোথায় মেলে? এই ভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির পরিচয় দিন। 2+2+8+8=20

(b) বাংলা পদগুলিকে কয়টি ভাগে ভাগ করা যায়? ব্যবহার অনুসারে বাংলা বিশেষ্যপদের শ্রেণিবিভাগ করুন। 5+10=15

(c) বাংলা ভাষায় একই বানানের বিভিন্ন রূপ (যেমন—বাঙালী—বাঙালি, পাখী—পাখি, পুলিশ—পুলিস) পড়ুয়াদের মনে বিভ্রান্তির সৃষ্টি করে। এই সমস্যার সমাধান কীভাবে সম্ভব বলে আপনি মনে করেন? 15

**4.** নিম্নলিখিত প্রতিটি বিষয় সম্পর্কে আলোচনা করুন : 10×5=50

(a) বাংলায় আগন্তুক শব্দ 10

(b) দন্ত্য ধ্বনি ও ওষ্ঠ্য ধ্বনি 5+5=10

(c) মধ্যভারতীয় আর্যভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য 10

(d) সাদৃশ্য ও তার প্রভাব 10

(e) ঝাড়খণ্ডী উপভাষা 10

## SECTION—B

**5.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) প্রাচীন বাংলা সাহিত্যের সময়সীমা নির্দেশ করুন। এই সময়কালে রচিত বাংলা সাহিত্যে তখনকার সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দিন। 2+8=10

(b) বাংলায় লেখা চৈতন্যজীবনী কাব্যগুলির নাম লিখুন। এগুলির মধ্যে যেটিকে আপনি শ্রেষ্ঠ মনে করেন সেটি সম্পর্কে আলোচনা করুন। 4+6=10

(c) বাংলা মঙ্গলকাব্য উদ্ভবের সমাজ-রাজনৈতিক প্রেক্ষাপট আলোচনা করুন। 10

(d) বাংলা গদ্যের ক্রমবিকাশে অক্ষয়কুমার দত্তের অবদান বিচার করুন। 10

(e) দীনবন্ধু মিত্রের নাটকগুলির নাম উল্লেখ করে বাংলা নাট্যসাহিত্যে তাঁর কৃতিত্ব দেখান। 10

**6.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলায় 'ভাগবত' কে প্রথম অনুবাদ করেন? কাব্যটির পরিচয় দিন। বাংলায় 'ভাগবত' অনুবাদ জনপ্রিয় না হওয়ার কারণ নির্ণয় করুন। 2+8+10=20

(b) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসের মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। 15

(c) ভারতচন্দ্রকে যুগসন্ধিক্ষণের কবি বলা যায় কিনা, বিচার করুন। 15

**7.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* আরাকান রাজসভার সাহিত্যের বৈশিষ্ট্য নির্ণয় করে আলাওলের রচনায় তার প্রতিফলন দেখান। 20

*(b)* বাংলা উপন্যাস-সাহিত্যে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদানের পরিচয় দিয়ে তাঁকে বাংলার সবচেয়ে জনপ্রিয় ঔপন্যাসিক বলা যায় কিনা, লিখুন। 15

*(c)* গণনাট্য সংঘের উদ্ভবের পটভূমি আলোচনা প্রসঙ্গে বিজন ভট্টাচার্যের কৃতিত্বের পরিচয় দিন। 15

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* সমকালীন অন্যান্য মহিলা ঔপন্যাসিকদের সঙ্গে তুলনা করে আশাপূর্ণা দেবীর স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য আলোচনা করুন। 20

*(b)* বাংলা প্রবন্ধ-সাহিত্যে প্রমথ চৌধুরীর কৃতিত্বের পরিচয় দিন। 15

*(c)* বিহারীলাল চক্রবর্তীকে আধুনিক বাংলা গীতিকবিতার জনক বলা যায় কিনা, বিচার করুন। 15

★ ★ ★

CIVIL SERVICES (MAIN) EXAM-2022

**CRNA–S–BNG**

# বাংলা

## প্রশ্নপত্র—II

(সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট **তিনটির (3)** জন্য দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

# BENGALI

## PAPER—II

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) "ঘর কৈনু বাহির, বাহির কৈনু ঘর।
পর কৈনু আপন, আপন কৈনু পর॥
রাতি কৈনু দিবস, দিবস কৈনু রাতি।
বুঝিতে নারিনু বন্ধু তোমার পিরীতি॥"

(b) "নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ।
এই বাক্যে বিকাইনু তাঁর বংশের হাত॥
তোমার কা কথা তোমার গ্রামের কুক্কুর।
সেহো মোর প্রিয় অন্যজন রহু দূর॥"

(c) "যে অনবনমনীয় গর্ব্ব হৃদয়াগ্নিতে গলিয়া গিয়াছিল, আবার তাহার জ্যোতিঃ স্ফুরিল, যে অজেয় মানসিক শক্তি ভারতরাজ্য-শাসন কল্পনায় ভীত হয় নাই, সেই শক্তি আবার প্রণয়-দুর্ব্বল দেহে সঞ্চারিত হইল।"

(d) "ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"

(e) "চিরকাল কোন্ জিনিসটা থাকবে না-থাকবে তা কেউ বলতে পারে না এবং আমিও সে সম্বন্ধে কোনোরকম তর্কবিতর্ক করতে চাই নে—নিজের মনের ভিতর যখন একটা সফলতার আনন্দ অনুভব করা যায় সেইটেই লেখকের পক্ষে যথার্থ অমরতা।"

**2.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'বৈষ্ণব পদাবলী'র পর্যালোচনায় গৌড়ীয় বৈষ্ণব দর্শনের প্রাসঙ্গিকতা কতখানি, বিশ্লেষণ করুন। 20

(b) "কবি মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্য প্রকৃতপক্ষে আসন্ন ভবিষ্যতের সঙ্গে প্রাক্-আধুনিক যুগের সেতু রচনা করেছে।"

এই মন্তব্য সম্পর্কে আপনার বক্তব্য বুঝিয়ে দিন। 15

(c) বঙ্কিমচন্দ্রের সাম্য-ভাবনা কতটা দেশীয় সমাজের অভিজ্ঞতায় আধারিত আর কতটুকু প্রতীচ্যের সমসাময়িক চিন্তা দ্বারা প্রভাবিত তা আলোচনা করুন। 15

**3.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'মেঘনাদবধ কাব্য'-এর নামকরণে মেঘনাদ প্রাধান্য পেলেও এই কাব্যের নায়ক রাবণ—এ বিষয়ে আপনার যুক্তিপূর্ণ অভিমত দিন। 20

(b) "আমায় রক্ষা কর। এই তোমার পায়ে লুটাইতেছি—একবার বল যে, তুমি অবিশ্বাসিনী নও—একবার বল, আমি তোমায় হৃদয়ে তুলিয়া গৃহে লইয়া যাই।"

এই সংলাপে 'আমি' কে? 'তুমি'ই বা কে? এই সংলাপের প্রেক্ষিত ও পরিণাম বিবৃত করুন। 15

(c) "বিশ্বপ্রকৃতির সঙ্গে এক অবিচ্ছিন্ন যোগ, এক চিরপুরাতন একাত্মতাবোধ কবিকে একান্তভাবে বারংবার আকর্ষণ করেছে।"

'সোনার তরী' কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কয়েকটি কবিতা অবলম্বনে বুঝিয়ে দিন। 15

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ''বঙ্গদেশের কৃষকের দুর্দ্দশা আজি কালি হয় নাই। ভারতবর্ষীয় ইতর লোকের অবনতি ধারাবাহিক; যত দিন হইতে ভারতবর্ষের সভ্যতার সৃষ্টি, প্রায় তত দিন হইতে ভারতবর্ষীয় কৃষকদিগের দুর্দ্দশার সূত্রপাত।''

প্রাসঙ্গিক প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের এই বক্তব্যের তাৎপর্য বিশদ করুন। 15

(b) ''কবিতার ছন্দ যে নিয়মে উৎপন্ন হয়েছে, বিশ্বজগতের সমস্ত সৌন্দর্যই সেই নিয়মে সৃষ্ট হয়েছে। একটি সুনির্দিষ্ট বন্ধনের মধ্যে দিয়ে বেগে প্রবাহিত হয়ে মনের মধ্যে আঘাত করে বলেই সৌন্দর্যের এমন অনিবার্য শক্তি।''

'ছিন্নপত্রাবলী'তে রবীন্দ্রনাথের এই মন্তব্য অনুসরণে বুঝিয়ে দিন, 'সৌন্দর্যের অনিবার্য শক্তি' কীভাবে এই পত্রগুলিরও মূল প্রবণতা। 15

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের 'মধ্যলীলা'র অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে গোদাবরী তীরে রায়-রামানন্দ ও চৈতন্য মহাপ্রভুর আলোচনায় সাধ্য-সাধনতত্ত্বটি কীভাবে প্রকাশ পেয়েছে, লিখুন। 20

## SECTION—B

5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্দ্ধসীমা *150*) :

10×5=50

(a) ''ফিরবে কেন? ভাঙার পথে আমিও চলেছি। ঐ তার প্রথম চিহ্ন—আমার ভাঙা ধ্বজা, আমার শেষ কীর্তি।''

(b) ''দেবতা যেথায় পাতিবে আসনখানি
যদি তার ঠাঁই কোনোখানে নাই
তবে, হে বজ্রপাণি,
এ ইতিহাসের শেষ অধ্যায়তলে
রুদ্রের বাণী দিক দাঁড়ি টানি
প্রলয়ের রোষানলে।''

(c) ''আজকে অস্পষ্ট সব? ভালো করে কথা ভাবা এখন কঠিন;
অন্ধকারে অর্ধসত্য সকলকে জানিয়ে দেবার
নিয়ম এখন আছে; তারপর একা অন্ধকারে
বাকি সত্য আঁচ করে নেওয়ার রেওয়াজ
রয়ে গেছে; সকলেই আড়চোখে সকলকে দেখে।''

(d) ''এই বনাঞ্চল, পাহাড়, ওই মিছি নদী; কাবো নদীর উপত্যকা, এদিকে ধনবারি ওদিকে নওয়াদার শৈলশ্রেণী—এই সমস্ত স্থান এক সময়ে যে পরাক্রান্ত রাজবংশের অধীনে ছিল, ও সেই রাজবংশের মেয়ে—আজ ভিন্ন যুগের আবহাওয়ায়, ভিন্ন সভ্যতার সংঘাতে যে রাজবংশ বিপর্যস্ত, দরিদ্র, প্রভাবহীন—তাই আজ ভানুমতীকে দেখিতেছি সাঁওতালী মেয়ের মতো।''

(e) ''আমরাও অভিশপ্ত সিসিফাসের প্রেতাত্মা। আমরাও জানি ও পাথর পড়ে যাবে। যখন ঠেলে ঠেলে তুলছি তখনই জানি এ ঠেলার কোনো মানে নেই। পাহাড়ের ঐ চূড়োর কোনো মানে নেই।''

**6.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ''নন্দিনী সেই নারী যে সম্পূর্ণতার আদর্শকে ব্যক্ত করে, সকলের মধ্যেকার সুপ্ত প্রাণকে জাগ্রত করে, প্রকাশ করে।''
এই মন্তব্যের আলোকে 'রক্তকরবী' নাটকের তাৎপর্য পর্যালোচনা করুন। 20

(b) ''আমাকে তোমরা নিয়ে যাও—যাকে ভালোবাসি নে তার ঘর করবার জন্যে আমাকে তোমরা ফেলে রেখে দিও না।''
মহিমের সামনে সুরেশের প্রতি অচলার এই উক্তিই গৃহদাহ অনিবার্য করে তুলেছিল। এই মন্তব্যের পক্ষে বা বিপক্ষে আপনার অভিমত দিন। 15

(c) 'জাগরী' উপন্যাসে লেখকের প্রধান কৃতিত্ব মায়ের চরিত্র নির্মাণে প্রকাশিত হয়েছে। এই ধারণার সঙ্গে আপনি একমত কিনা, বুঝিয়ে দিন। 15

**7.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'নবজাতক' কাব্যগ্রন্থে এই সত্য বারবার প্রমাণিত হয়েছে যে রবীন্দ্রনাথ ইতিহাস ও সমসাময়িক জীবনকে কখনও এড়িয়ে যাননি। আপনার পাঠ-অভিজ্ঞতার সাহায্যে আলোচনা করুন। 20

(b) আপনার পঠিত প্রবন্ধগুলি অবলম্বনে বুঝিয়ে দিন, প্রমথ চৌধুরীর সরস অথচ বুদ্ধিদীপ্ত গদ্যরীতিই তাঁর বিষয়বস্তুকে লক্ষ্যভেদী করেছে। 15

(c) 'আরণ্যক' উপন্যাস জুড়ে ছড়িয়ে রয়েছে বিভূতিভূষণের নিবিড় প্রকৃতি-মুগ্ধতার নিদর্শন। পর্যালোচনা করুন। 15

**8.** নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) কবি-প্রাবন্ধিক বুদ্ধদেব বসু যদিও জীবনানন্দ দাশকে 'আমাদের নির্জনতম কবি' বলে উপস্থাপিত করেছেন, 'শ্রেষ্ঠ কবিতা'র বেশ কিছু কবিতায় পাঠক লক্ষ করেন কবির ইতিহাস-চেতনার অভিব্যক্তি। পর্যালোচনা করুন। 20

(b) মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে মধ্যবিত্ত অথবা নিম্নমধ্যবিত্ত জীবনের জটিল মনস্তত্ত্বের স্কেচ দেখতে পাওয়া যায়। প্রাসঙ্গিক গল্পগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। 15

(c) 'এবং ইন্দ্রজিৎ'-এর নাট্যশৈলীর প্রায়োগিক বৈশিষ্ট্য বিশ্লেষণ করুন। 15

★ ★ ★

# বাংলা

## প্রশ্নপত্র—I

( সাহিত্য )

| নির্ধারিত সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে সেটি স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে তা পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

## PAPER—I

( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(*a*) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের প্রাচীন শাখাগুলির নাম লিখুন। গ্রীক শাখাটির পরিচয় দিন। 5+5=10

(*b*) শব্দের অর্থ-পরিবর্তনের কারণগুলি উদাহরণযোগে উল্লেখ করুন। 10

(*c*) উপভাষা কাকে বলে? প্রচলনক্ষেত্র উল্লেখ করে রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লিখুন। 2+2+6=10

(*d*) বাংলা শব্দভাণ্ডারে দেশী ও বিদেশী শব্দের প্রভাব সম্পর্কে আলোচনা করুন। 10

(*e*) কয়েকজন বাংলা সাধুগদ্যকারের নাম লিখুন। বর্তমানে বাংলা সাধুগদ্যের প্রচলন হ্রাস পাওয়ার কারণ নির্দেশ করুন। 2+8=10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(*a*) ধ্বনি-পরিবর্তনের কারণগুলি উল্লেখ করুন। বাংলা ভাষায় অভিশ্রুতি, সমীভবন ও স্বরভক্তির ফলে কীভাবে ধ্বনি-পরিবর্তন ঘটে, উদাহরণসহ দেখান। 10+10=20

(*b*) লিপি, ধ্বনি আর বানান-সাম্য কোনো লিপিতেই প্রায় সম্ভব নয়। তবু বাংলা লিপির বিকাশ ও বানানের সঙ্গতি রক্ষা বিষয়ে আপনার যুক্তি উপস্থাপন করুন। 15

(*c*) বাংলা ভাষার বাক্য-গঠন সংস্কৃত ব্যাকরণ মেনে হয় কি? উদাহরণযোগে দেখান। বাংলা ভাষার নিজস্ব বাক্যগঠনের সূত্র বিশ্লেষণ করুন। 5+10=15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(*a*) মধ্যবাংলা ভাষাকে কয়টি পর্বে, কেন ভাগ করা হয়েছে? পর্ব-বিভক্ত মধ্যবাংলা ভাষার প্রতিটির কমপক্ষে তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লিখুন। 2+2+16=20

(*b*) বাংলা পদগুলিকে কয়টি ভাগে ভাগ করা যায়? ব্যবহার অনুসারে বাংলা বিশেষ্য ও বিশেষণ পদের শ্রেণিবিভাগ করুন। 2+7+6=15

(*c*) উদাহরণসহ উচ্চারণ-স্থান (Place of Articulation) অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ আলোচনা করুন। 15

4. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) সমাজ-ভাষা কী? উদাহরণসহ সমাজ-ভাষা উদ্ভবের বিভিন্ন প্রেক্ষাপট আলোচনা করুন। 4+16=20

(b) সংস্কৃত ভাষাকে বাংলা ভাষার জননী বলা যায় কি? আপনার মতের পক্ষে যুক্তি দেখান। 15

(c) আধুনিক বাংলা ভাষার কালপর্বের পরিচয় দিয়ে এর ধ্বনিতাত্ত্বিক, রূপতাত্ত্বিক ও বাক্য-নির্মিতিগত বৈশিষ্ট্যগুলি লিখুন। 15

## SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক উত্তরের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) বাংলা সাহিত্যের ইতিহাসে 'অন্ধকার যুগ'-এর সময়সীমা উল্লেখ করে সেই সময়কে অন্ধকার বলার কারণ নির্দেশ করুন। 2+8=10

(b) আধুনিক বাংলা সাহিত্যের বিবিধ সংরূপের শ্রেণিবিভাগ করুন ও তাদের উদাহরণ দিন। 10

(c) প্রাচীন বাংলা সাহিত্যের নিদর্শন উল্লেখ করে এতে প্রকাশিত সমাজচিত্র বিষয়ে আলোকপাত করুন। 10

(d) বাংলা গদ্যচর্চায় ফোর্ট উইলিয়াম কলেজের শিক্ষকদের অবদান বিচার করুন। 10

(e) উনিশ শতকের বাংলা কাব্যের যে কোনো দুটি ধারা সম্পর্কে নাতিদীর্ঘ আলোচনা করুন। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) ষোড়শ শতককে বৈষ্ণব পদাবলী সাহিত্যের 'সুবর্ণযুগ' বলার কারণ ব্যাখ্যা করুন। 20

(b) প্রাগাধুনিক ও আধুনিক বাংলা সাহিত্যের বিষয়গত ও আঙ্গিকগত (content and format) পার্থক্যগুলি সম্পর্কে আপনার নিজস্ব অভিমত লিখুন। 15

(c) ভারতচন্দ্রকে যুগসন্ধিক্ষণের কবি বলা যায় কিনা, যুক্তিসহ আপনার মতামত জানান। 15

**7.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) "'ময়মনসিংহ গীতিকা'-ই মধ্যযুগের বাংলা সাহিত্যে যথার্থ ধর্ম-নিরপেক্ষ সাহিত্য।" মতটির যথার্থতা বিচার করুন। 20

(b) রবীন্দ্র-উপন্যাসের শিল্পরূপগত অভিনবত্ব বিষয়ে আলোকপাত করুন। 15

(c) উনিশ শতকের বাংলা নাটকে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্র বিষয়ে উদাহরণসহ আলোচনা করুন। 15

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা সাহিত্যে যথার্থ আধুনিকতার শুরু কখন থেকে? উদাহরণ দিয়ে সেই আধুনিকতার বৈশিষ্ট্য নির্ণয় করুন। 5+10=15

(b) বাংলা উপন্যাসে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অবলম্বিত বিষয়ভাবনা ও শিল্পরীতির স্বাতন্ত্র্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। 20

(c) মহাশ্বেতা দেবীর কথা-সাহিত্যে নারীচেতনা ক্রমে গণচেতনায় রূপান্তরিত হয়েছে। প্রাসঙ্গিক উদাহরণ দিয়ে বিষয়টি ব্যাখ্যা করুন। 15

★ ★ ★